JAN. 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# কৃষি বিশ্ববিদ্যালয়ে জাতীয় শিক্ষা সপ্তাহ শুরু

বাকৃবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে সোমবার থেকে জাতীয় শিক্ষা সপ্তাহের অনুষ্ঠানমালা শুরু হয়েছে। উপাচার্য প্রফেসর ড. মোঃ আনোয়ারুল ইসলাম শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে বিপুলসংখ্যক দর্শকের উপস্থিতিতে সাতদিনব্যাপী এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জাতীয় শিক্ষা সপ্তাহ বাস্তবায়ন কমিটির সভাপতি প্রফেসর ড. আ. র. ম. মাসুদ, সদস্য সচিব মোঃ ছাইফুল ইসলাম প্রমুখ। প্রথম দিনে উপস্থিত বক্তৃতা, রবীন্দ্র সঙ্গীত ও উচ্চাঙ্গ সঙ্গীত বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। আজ নির্বাচিত বাংলা কবিতা আবৃত্তি, দেশাত্মবোধক গান ও উচ্চাঙ্গ নৃত্য বিষয়ের ওপর প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।